

ইসলামী ভাসিটি অনির্দিষ্ট কালের জন্য বন্ধ

খিনাইদহ ও ইসলামী বিশ্ব-বিদ্যালয় সংবাদদাতা ॥ আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণে ইসলামী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। গতকাল সোমবার ভাইস-চ্যান্সেলর প্রফেসর এন. এ. হামিদের সভাপতিত্বে

অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিও-কেটের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। নির্দেশ অনুযায়ী গতকাল বিকাল ৫টার মধ্যে ছাত্র-ছাত্রীরা হল ত্যাগ করে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের (শেষ পৃ: ১-এর ক: ড:)

ইসলামী ভাসিটি

(১ম পৃ: পর)

প্রস্তাবিত সিলেবাস বাতিলের দাবীতে সাধারণ ছাত্র-ছাত্রীর সমন্বয়ে গঠিত প্রস্তাবিত সিলেবাস প্রতিরোধ কমিটি ব্যাপক কর্মসূচী পালন করে। গত ৮ই সেপ্টেম্বর তাহাদের পূর্ব ঘোষিত সড়ক অবরোধ চলাকালে পুলিশের সাপে সংঘর্ষে সাংবাদিকসহ অর্ধশতাধিক ছাত্র-পুলিশ আহত হয়। এই ঘটনার প্রতিবাদে তাহারা ১০ই সেপ্টেম্বর শনিবার কুষ্টিয়া-খিনাইদহে অর্ধদিবস হরতাল আহ্বান করে। গতকাল ক্যাম্পাসে ছাত্রদের এক সমাবেশে ৭২ ঘন্টা ধর্মঘটের ডাক দিলে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা দেখা দেয়।

এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ৮ই সেপ্টেম্বরের ঘটনার স্মৃষ্টি তদন্তের জন্য সুপ্রীম কোর্টের বিচারপতির সমন্বয়ে তদন্ত কমিটি গঠনের দাবী জানাইয়াছে।

কুষ্টিয়া সংবাদদাতা জানান, গতকাল সন্ধ্যায় কুষ্টিয়া প্রেসক্রাভে এক সাংবাদিক সম্মেলনে ইসলামী বিশ্ববিদ্যালয় প্রস্তাবিত সিলেবাস প্রতিরোধ কমিটি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্তের তীব্র নিন্দা এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী জানায়। প্রস্তাবিত সিলেবাস বাতিলেরও দাবী জানান হয়।